## আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (২৮তম ব্যাচ), ০৫ (পাঁচ)টি আর্মি মেডিকেল কলেজ (১২তম ব্যাচ) এবং নেভি মেডিকেল কলেজ, চট্টগ্রাম (১ম ব্যাচ)-এর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তি

## ভর্তির আবেদনের বিস্তারিত নির্দেশাবলী

১। ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ এমবিবিএস কোর্সে অভিন্ন প্রক্রিয়ায় বাংলাদেশ সশস্ত্র বাহিনী কর্তৃক পরিচালিত **সরকারি চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ** (**AFMC**)-এ এএফএমসি ক্যাডেট, বাংলাদেশ সেনাবাহিনীর ওয়েলফেয়ার ট্রাস্ট কর্তৃক পরিচালিত **বেসরকারি ০৫(পাঁচ)টি আর্মি মেডিকেল কলেজে** এবং বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত নেভি মেডিকেল কলেজ, চট্টগ্রাম-এ বাংলাদেশি নাগরিকদের ক্যাডেট হিসেবে ভর্তি করা হবে।

**অনলাইনে আবেদন শুরুর তারিখঃ ১২-১১-২০২৫ খ্রি:, বুধবার (সকাল ১০.০০ টা)**
**অনলাইনে আবেদনের শেষ তারিখঃ ২৪-১১-২০২৫ খ্রি:, সোমবার (রাত ১১.৫৯ মি.)**
**আবেদনপত্র ফিঃ ১০০০/- (এক হাজার টাকা) অফেরতযোগ্য।**
**অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখঃ অনলাইনে আবেদনের সময় হতে পরবর্তী ২৪ ঘন্টা।**
**ভর্তি পরীক্ষার তারিখ ঃ ১৯-১২-২০২৫ খ্রি: (শুক্রবার, সকাল ১০.০০ টা হতে ১১.১৫ টা পর্যন্ত মোট ১ ঘন্টা ১৫ মিনিট)**

২। ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমবিবিএস এবং বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির জাতীয় নীতিমালা অনুযায়ী অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে এমবিবিএস কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আবেদন করতে হবে।

ক। **শিক্ষাগত যোগ্যতাঃ**

(১) ২০২৫ সালে এইচএসসি/‘এ’ লেভেল/সমমান ও ২০২৩ সালে এসএসসি/‘ও’ লেভেল/সমমান অথবা ২০২৫ সালে এইচএসসি/‘এ’ লেভেল/সমমান ও ২০২২ সালে এসএসসি/‘ও’ লেভেল/সমমান অথবা ২০২৪ সালে এইচএসসি/‘এ’ লেভেল/সমমান ও ২০২২ সালে এসএসসি/‘ও’ লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের জিপিএ কমপক্ষে সর্বমোট ৮.৫০ হতে হবে। তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ ৪.০০ পয়েন্ট এর কম থাকলে অযোগ্য বলে বিবেচিত হবে।

(২) প্রার্থীকে এসএসসি/‘ও’ লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগসহ অবশ্যই জীববিজ্ঞান, পদার্থবিদ্যা ও রসায়ন থাকতে হবে।

(৩) শুধুমাত্র পশ্চাদপদ জনগোষ্ঠী অর্থাৎ সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে প্রাপ্ত জিপিএ এর যোগফল ন্যূনতম ৮.০০ গ্রহণযোগ্য হবে। জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে। তবে এককভাবে কোনো পরীক্ষার একটিতে গ্রেড পয়েন্ট ৩.৫০ এর নিচে গ্রহণযোগ্য হবে না।

(৪) **শর্ত থাকে যে, এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় পাশের পূর্ববর্তী ০৩ (তিন) বছরের মধ্যে এসএসসি/‘ও’ লেভেল/সমমান পরীক্ষায় পাশ হতে হবে। ২০২২ সালের পূর্বে এসএসসি/‘ও’ লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবে না।**

(৫) সকলের ক্ষেত্রে এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.৫০ না থাকলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না।

খ। **শারীরিক যোগ্যতাঃ**

ক। **আর্মড ফোর্সেস মেডিকেল কলেজঃ**

(১) উচ্চতা - স্বাভাবিক (বয়সের সাথে সামঞ্জস্যপূর্ণ)।
(২) ওজন - Body Mass Index (BMI) অনুযায়ী (+২০ পাউন্ড পর্যন্ত শিথিলযোগ্য)।
(৩) ডোপ টেস্টে নেগেটিভ হতে হবে (এএফআইপি হতে সংগ্রহ করতে হবে)।
(৪) দৃষ্টি শক্তি - ৬/৬ (চশমাসহ +৩.৫ ডি এবং সিলিন্ড্রিকেল পাওয়ার +১.৫ ডি এর মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে)। Colour Blindness অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
(৫) Gross Physical Deformity ও দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত প্রার্থীগণ অযোগ্য হিসেবে বিবেচিত হবে। সংশ্লিষ্ট প্রার্থী পূর্বে কোনো মানসিক, সংক্রামক/দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত ছিল না মর্মে অভিভাবক কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।

**খ। আর্মি মেডিকেল কলেজ ও নেভি মেডিকেলঃ** ০৫ (পাঁচ)টি আর্মি মেডিকেল কলেজ ও নেভি মেডিকেল কলেজের ক্যাডেট প্রার্থীদের মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য হতে হবে।

গ। **ভর্তির শর্তাবলীঃ**

(১) প্রার্থীদেরকে বাংলাদেশের নাগরিক এবং অবিবাহিত হতে হবে।

(২) ০১ জুলাই ২০২৫ তারিখে বয়স সর্বোচ্চ ২০ বৎসরের মধ্যে হতে হবে।

(৩) লিখিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীদের মধ্য হতে লিখিত ভর্তি পরীক্ষা এবং এসএসসি/‘ও’ লেভেল/সমমান ও এইচএসসি/ ‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় অর্জিত ফলাফলের ভিত্তিতে যোগ্য প্রার্থীদের মেধা অনুযায়ী স্বাস্থ্য পরীক্ষা নিরূপণ ও সকল মূল নথি-পত্র নিরীক্ষণপূর্বক ক্যাডেট হিসাবে নির্বাচন করা হবে।

(৪) নির্বাচিত প্রার্থীদেরকে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ এবং আর্মি মেডিকেল কলেজের প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারিত ভর্তি ফি, টিউশন ফি, কশন মানি (ফেরতযোগ্য), আউটফিট চার্জ, মেসিং চার্জ, লন্ড্রি চার্জ, লাইব্রেরি ফি, কলেজ ম্যাগাজিন ফি, গেমস্ এন্ড স্পোর্টস ফি এবং অন্যান্য চার্জ প্রদান করতে হবে (প্রসপেক্টাসে বিস্তারিত উল্লেখিত)।

(৫) ভর্তির সময় সকল ছাত্র/ছাত্রী ও অভিভাবকগণকে কলেজ কর্তৃপক্ষের সাথে চুক্তিবদ্ধ হতে হবে। এমবিবিএস কোর্সে অধ্যয়নকালীন স্বেচ্ছায় কলেজ ত্যাগে ইচ্ছুক হলে অথবা শৃংখলাভঙ্গের কারণে তাকে কলেজ হতে প্রত্যাহার করা হলে সংশ্লিষ্ট ক্যাডেটকে নির্ধারিত ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

(৬) আর্মি মেডিকেল কলেজ ও নেভি মেডিকেল কলেজে ভর্তিকৃত ক্যাডেটদের আর্মড ফোর্সেস মেডিকেল কলেজে মাইগ্রেশন-এর কোনো সুযোগ নেই।

৩। **আবেদনের পদ্ধতি ঃ**

ক। ভর্তির আবেদনপত্র **অনলাইনে ১২ নভেম্বর ২০২৫ তারিখ (সকাল ১০.০০ টা) হতে ২৪ নভেম্বর ২০২৫ তারিখ (রাত ১১.৫৯ মি.)** পর্যন্ত পাওয়া যাবে। আবেদনপত্র প্রাপ্তির ওয়েব ঠিকানা **http://afmc.teletalk.com.bd**

খ। **আবেদনপত্র/ফরম পূরণের প্রক্রিয়াঃ**

(১) ইন্টারনেটে ওয়েব ঠিকানায় প্রথম ধাপে জাতীয় কারিকুলাম (এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান) এর জন্য ও জিসিই ('ও' এবং 'এ' লেভেল) এর জন্য আলাদা নির্দেশনা রয়েছে।

(২) জাতীয় কারিকুলামে পাশকৃত প্রার্থীগণের জন্য দ্বিতীয় ধাপে এসএসসি ও এইচএসসি রোল নম্বর, রেজিস্ট্রেশন নং, বোর্ড ও সন টাইপ করে সাবমিট-এ ক্লিক করলে আবেদন পত্র কম্পিউটার স্ক্রিনে আসবে। জিসিই ও/এ লেভেল-এ পাশ করা প্রার্থীগণকে Directorate General Medical Education, Mohakhali, Dhaka থেকে Equivalence Certificate ও ID সংগ্রহ করতে হবে। অতঃপর নিজ মোবাইল নম্বর ও ID টাইপ করে সাবমিট করলে আবেদন পত্র কম্পিউটার স্ক্রিনে আসবে।

(৩) আবেদন পত্র পূরণ করার সময় মেডিকেল কলেজ পছন্দের ক্ষেত্রে আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ এবং অবশিষ্ট আর্মি ও নেভি মেডিকেল কলেজগুলোর সবগুলোই পছন্দ করা যাবে।

(৪) আবেদনপত্র পূরণের জন্য টাইপ ও অপশন নির্বাচন ছাড়া নিম্নলিখিত দুইটি নথি সংযুক্ত করতে হবে। **ছবি:** সদ্য তোলা (৩০০×৩০০ পিক্সেল যা ১০০ কিলোবাইটের মধ্যে এবং jpg/jpeg ফরম্যাটের হতে হবে)। **স্বাক্ষর:** ৩০০×৮০ পিক্সেল যা ৬০ কিলোবাইটের মধ্যে এবং jpg/jpeg ফরম্যাটের হতে হবে।

(৫) আবেদনপত্র পূরণ সঠিক ভাবে সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রিনে প্রার্থীর পূরণকৃত আবেদনের নমুনা আসবে (Student's copy) যার প্রিন্ট নেওয়া ও পিডিএফ ফাইল সংরক্ষণ করা যাবে। আবেদনপত্র পূরণ করার পর প্রাপ্ত User ID পরবর্তীতে টাকা প্রদান ও কেন্দ্র নির্বাচনে প্রয়োজন হবে বিধায় সংরক্ষণ করতে হবে।

(৬) Parent's Particulars সঠিকভাবে পূরণ করতে হবে।

(৭) বেসরকারি আর্মি ও নেভি মেডিকেল কলেজসমূহে 'মেধাবী-অসচ্ছল' কোটায় ৫% শিক্ষার্থী ভর্তি করা হবে।

(৮) পশ্চাদপদ জনগোষ্ঠীর কোটায় আবেদনকারীদের আবেদনের শুরুতে টিকমার্ক দিয়ে ফরম পূরণ করতে হবে।

(৯) নির্দেশিত পদ্ধতিতে **প্রার্থীকে আবেদনপত্র পূরণের ২৪ ঘন্টার মধ্যে** প্রার্থী কর্তৃক ভর্তি প্রক্রিয়ার আনুষঙ্গিক খরচ বাবদ ১০০০/- (এক হাজার টাকা) মাত্র (অফেরতযোগ্য) টেলিটক মোবাইল সংযোগের মাধ্যমে পাঠাতে হবে। **অন্যথায় আবেদন বাতিল হয়ে যাবে**। তবে প্রার্থী নির্দিষ্ট সময়ের মধ্যে পুনরায় আবেদন করতে পারবেন। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের ফি প্রদান প্রক্রিয়া ও ভর্তি পরীক্ষার কেন্দ্র হিসেবে পছন্দের সেনানিবাস (যে কোনো ০২টি কেন্দ্র) SMS এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। সেনানিবাসের কোডগুলি নিম্নরূপঃ

| কোড | সেনানিবাস কেন্দ্র | সর্বোচ্চ পরীক্ষার্থী ধারণ ক্ষমতা |
|---|---|---|
| ১১১ | ঢাকা সেনানিবাস | ২৫,০০০ আসন |
| ১২১ | চট্টগ্রাম সেনানিবাস | ৪,০০০ আসন |
| ১২২ | কুমিল্লা সেনানিবাস | ৩,০০০ আসন |
| ১২৩ | যশোর সেনানিবাস | ৩,০০০ আসন |
| ১২৪ | বগুড়া সেনানিবাস | ৪,৪৭৫ আসন |
| ১২৫ | রংপুর সেনানিবাস | ৫,০০০ আসন |
| ১৩১ | বিএনএস ঈসা খাঁন, পতেঙ্গা | ৩,৫০০ আসন |

(১০) **অনলাইনে আবেদনের ফি জমাদানের পর আবেদনকারী আবেদনের কোনো তথ্য পরিবর্তন বা সংশোধন করতে পারবেন না। ভুল (যদি হয়ে থাকে) সংশোধনের জন্য প্রার্থী পুনরায় ফি প্রদান সাপেক্ষে নতুনভাবে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে সর্বশেষ আবেদনপত্রটি চূড়ান্ত বলে বিবেচিত হবে।**

গ। **কেন্দ্র নির্বাচন ও ফি প্রদান প্রক্রিয়া ঃ**

(১) পরীক্ষা ফি বাবদ ১০০০/- (এক হাজার মাত্র) টাকা শুধুমাত্র Prepaid টেলিটক নম্বরের মাধ্যমে জমা দিতে হবে। অন্যান্য সকল কার্যক্রম অন্য যেকোন মোবাইল থেকে করা যাবে ।

(২) পরীক্ষা ফি জমা দেয়ার পদ্ধতি: টেলিটকের Prepaid মোবাইল ফোনের Message অপসনে গিয়ে AFMC লিখে, স্পেস দিয়ে User ID লিখে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবে। উদাহরণ ঃ AFMC<Space>ABCDEF (এখানে ABCDEF ফরম পূরণ করার পর পাওয়া User ID)। ফিরতি SMS-এ একটি PIN প্রার্থীকে জানানো হবে এবং ফি হিসাবে ১০০০/= কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নলিখিত ভাবে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবেঃ

Message অপসনে গিয়ে AFMC লিখে স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে স্পেস দিয়ে **পছন্দের ক্রমানুসারে দুইটি সেন্টার কোড** কমা (,) দিয়ে লিখে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবে। উদাহরনঃ AFMC<Space>YES<Space>PIN<Space>111,121 লিখে **16222** নম্বরে SMS প্রেরণ করতে হবে। এখানে ১১১ ও ১২১ যথাক্রমে ঢাকা সেনানিবাস ও চট্টগ্রাম সেনানিবাস পরীক্ষা কেন্দ্র। এই SMS পাবার পর আবেদনপত্র চূড়ান্তভাবে গৃহীত হবে।

৪। **বিশেষ তথ্য ঃ**

ক। টাকা পাঠানোর শেষ সময়ের মধ্যে টাকা সঠিক ভাবে জমা হলে আবেদনপত্রে দেওয়া মোবাইল নম্বরে SMS-এ অবগত করা হবে।

খ। **সকল বৈধ আবেদনকারীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে।** তবে আবেদন গ্রহণের ঘোষিত শেষ দিনের পূর্বে যে কোনো কেন্দ্রের সর্বোচ্চ ধারণ ক্ষমতা পূর্ণ হলে স্বয়ংক্রিয়ভাবে সেই কেন্দ্রের আবেদন গ্রহণ বন্ধ হয়ে যাবে, সে ক্ষেত্রে প্রার্থীকে তার পরবর্তী পছন্দের কেন্দ্রে পরীক্ষা দিতে হবে।

গ। লিখিত ভর্তি পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীগণ User ID ও Password ব্যবহার করে **১৪ ডিসেম্বর ২০২৫ তারিখ সকাল ১০.০০ টা হতে ১৯ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত** একই ওয়েব সাইট (http://afmc.teletalk.com.bd) হতে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। প্রবেশপত্রে প্রার্থীর রোল নং এবং পরীক্ষার তারিখ, সময়, কেন্দ্রের নাম ও প্রশ্নের মাধ্যম (বাংলা/ইংরেজি) উল্লেখ থাকবে। প্রবেশপত্রটি পরবর্তীতে প্রার্থীর পরিচয়পত্র হিসেবে গ্রহণযোগ্য হবে। প্রবেশপত্র হারানো গেলে পুনরায় তা একই ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। **ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখে সকাল ০৯.৩০ মিনিটের মধ্যে অবশ্যই প্রবেশপত্র নিয়ে পরীক্ষা কেন্দ্রে আসতে হবে।**

ঘ। বাংলাদেশি নাগরিক যারা বিদেশি শিক্ষা (O-Level/A-Level) পদ্ধতিতে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদের নম্বরপত্রসমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর (DGME), মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/- (দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ আবেদন (স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মেডিকেল এডুকেশন শাখার কক্ষ নং ২০৪) করতে হবে এবং Equivalence Certificate সংগ্রহ করার সময় ID নম্বর নিতে হবে।

ঙ। বাংলাদেশি নাগরিক যারা বিদেশ থেকে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের নম্বরপত্রসমূহ সংশ্লিষ্ট দেশের বাংলাদেশের জন্য নির্ধারিত দূতাবাস/হাইকমিশন এবং শিক্ষা মন্ত্রণালয়/পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ কর্তৃক আবশ্যিকভাবে সত্যায়িত হতে হবে। বাংলাদেশে কোনো প্রতিষ্ঠানে অধ্যয়নকারী বাংলাদেশি বংশোদ্ভূত বিদেশি পাসপোর্টধারী শিক্ষার্থীগণ কোনোভাবেই বিদেশি শিক্ষার্থী হিসাবে ভর্তির জন্য বিবেচিত হবে না। তবে যাদের দ্বৈত নাগরিকত্ব রয়েছে তারা বাংলাদেশি পাসপোর্ট ব্যবহার করে এএফএমসি-এর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

চ। কলেজসমূহের প্রসপেক্টাস, FAQ ও বিজ্ঞপ্তি ইত্যাদি তথ্য ওয়েব ঠিকানায় http://afmc.teletalk.com.bd ও www.afmc.edu.bd-এ পিডিএফ হিসেবে দেয়া আছে। আবেদনপত্র গ্রহণকালীন সময় ভর্তি সংক্রান্ত সকল তথ্যের জন্য আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, ঢাকা সেনানিবাসে সকল কর্মদিবসে **অফিস চলাকালীন সময়** (সকাল ৮.০০ টা হতে দুপুর ০২.০০ টা পর্যন্ত) একটি **'তথ্য কেন্দ্র'** খোলা থাকবে এবং ই-মেইল (**afmc.amc.admission@gmail.com**) -এর এবং নিম্নলিখিত মেবাইল নম্বরগুলোর মাধ্যমে মাধ্যমে ভর্তি সংক্রান্ত বিষয়ে যোগাযোগ করা যাবেঃ

| | | |
|---|---|---|
| আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ, ঢাকা | ঃ | ০১৭৬৯০১৬৮০৬ ও ০১৭৬৯০১৬৮০৮ |
| আর্মি মেডিকেল কলেজ চট্টগ্রাম | ঃ | ০১৭৬৯২৪০২২৫ |
| আর্মি মেডিকেল কলেজ কুমিল্লা | ঃ | ০১৭৬৯৩৩০৫০২ ও ০১৭৬৯৩৩০৫০১ |
| আর্মি মেডিকেল কলেজ বগুড়া | ঃ | ০১৭৬৯১১৩৫১৪ |
| আর্মি মেডিকেল কলেজ যশোর | ঃ | ০১৭৬৯৫৫৮৩১০ |
| আর্মি মেডিকেল কলেজ রংপুর | ঃ | ০১৭৬৯৬৬৫৬৫৯ ও ০১৯২২৮২৮৩০৯ |
| নেভি মেডিকেল কলেজ, চট্টগ্রাম | ঃ | ০১৭৬৯৭২৪২২০ |

৫। **লিখিত পরীক্ষা**

ক। ভর্তির লিখিত পরীক্ষা ঢাকা সেনানিবাস সহ মোট ৭টি সেনানিবাসে আগামী **১৯ ডিসেম্বর ২০২৫ তারিখ শুক্রবার সকাল ১০.০০ টা হতে ১১.১৫ টা পর্যন্ত (মোট ০১ ঘন্টা ১৫ মিনিট)** অনুষ্ঠিত হবে। প্রার্থীকে প্রবেশপত্রে উল্লেখিত সেনানিবাসে নির্দিষ্ট কেন্দ্রে (যা তিনি আবেদনের সময় পছন্দ করেছেন) অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ। লিখিত পরীক্ষা (MCQ পদ্ধতি) = ১০০ নম্বর। বিষয়ভিত্তিক নম্বর বিভাজন: জীববিজ্ঞান = ৩০, রসায়নবিদ্যা = ২৫, পদার্থবিদ্যা = ১৫, ইংরেজী = ১৫, সাধারণ জ্ঞান, প্রবণতা ও মানবিক গুণাবলী = ১৫। সিলেবাস ঃ এইচএসসি/সমমান।

গ। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে এবং লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ৪০ এর কম নম্বর প্রাপ্ত পরীক্ষার্থীদের মেধাতালিকায় অন্তর্ভূক্ত করা হবে না।

৬। **প্রার্থী মূল্যায়ন পদ্ধতি**

ক। এসএসসি/'ও' লেভেল/সমমান এবং এইচএসসি/'এ' লেভেল/সমমান এর জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের নিম্নলিখিতভাবে মূল্যায়ন করা হবে ঃ

| | | |
|---|---|---|
| এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ০৮ গুন | = ৪০ নম্বর (সর্বোচ্চ) | মোট নম্বর = ২০০ |
| এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১২ গুন | = ৬০ নম্বর (সর্বোচ্চ) | |
| MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা | = ১০০ নম্বর | |

খ। পূর্ববর্তী বছরের (২০২৪ সালে) এইচএসসি/'এ' লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) প্রাপ্ত নম্বর থেকে ০৩ (তিন) নম্বর কর্তন করা হবে। পূর্ববর্তী বছরের (২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে) সরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট-এ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে সর্বমোট (Aggregated) প্রাপ্ত নম্বর থেকে ৫.০০ (পাঁচ) নম্বর কর্তন করে মেধাতালিকায় অবস্থান নির্ধারণ করা হবে।

৭। **লিখিত পরীক্ষার ফলাফলঃ** লিখিত পরীক্ষার ফলাফল **http://afmc.teletalk.com.bd** ও **www.afmc.edu.bd** ওয়েব সাইটে ও কলেজের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে এবং ফর্মে দেওয়া প্রার্থী ও অভিভাবকের মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে অবগত করা হবে। আর্মি মেডিকেল কলেজ ও নেভি মেডিকেল কলেজের ফলাফল প্রচলিত নীতিমালা অনুসরণ পূর্বক পরবর্তীতে জানানো হবে।

৮। ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং ফলাফল চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে এবং উত্তরপত্র OMR/ICR মেশিনে মূল্যায়ন করা হবে।

৯। ভর্তি সংক্রান্ত যে কোনো বিষয়ে 'ভর্তি পরীক্ষা কমিটি'-এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**কমান্ড্যান্ট**
**আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ**
**ঢাকা সেনানিবাস**